সংযোজনী-২ (১)

## ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত 'সিনিয়র পরামর্শক/পরামর্শক (কনসালট্যান্ট) ও বিশেষজ্ঞগণের দায়িত্ব ও কর্তব্য

### ক) সিনিয়র পরামর্শক (স্যাম্পল সার্ভে) এর টার্মস অব রেফারেন্স-০১ জন

| পরামর্শকের বিবরণ | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স | দায়িত্ব ও কর্তব্য | অন্যান্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| সিনিয়র পরামর্শক (স্যাম্পল সার্ভে) | **১. শিক্ষাগত যোগ্যতা:**<br>"পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস)" প্রকল্পে জাতীয় সিনিয়র পরামর্শক পদে নিয়োগ প্রত্যাশী প্রার্থীকে পরিসংখ্যান/ অর্থনীতি/ জীববিজ্ঞান/ সমাজবিজ্ঞান/ গণিত/ ভূগোল ও পরিবেশ-এ ২য় শ্রেণির অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। উপর্যুক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে ।<br>**২. অভিজ্ঞতা:**<br>ক) সরকারের পরিকল্পনা, নীতিমালা, কৌশলগত কর্মপরিকল্পনা প্রণয়নসহ পরিসংখ্যানিক কার্যক্রম যেমন: সার্ভে ডিজাইন, সার্ভে স্যাম্পলিং ও ফ্রেম প্রণয়ন, সার্ভে ক্যালেন্ডার তৈরি, প্রশ্নমালা ডিজাইন ও প্রণয়ন, টেবুলেশন প্লান প্রস্তুত, ডাটা প্রসেসিং, এনালাইসিস ও রিপোর্ট প্রণয়নসহ অফিসিয়াল কর্মকান্ডে কমপক্ষে ২৫ (পঁচিশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পাশাপাশি পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালা, নীতিমালা, কর্ম-পরিকল্পনা প্রভৃতি সম্পর্কে বাস্তব জ্ঞান থাকতে হবে।<br>খ) আগ্রহী প্রার্থীকে পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কনসেপ্ট, সংজ্ঞা, শ্রেণিকরণ, মেথডলজি ও প্রশ্নমালা প্রণয়নে জ্ঞানসম্পন্ন হতে হবে ।<br>গ) পরিসংখ্যানিক কার্যক্রম পরিচালনায় দক্ষ ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন লেখায় বাস্তব ও স্বচ্ছ অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | ১. "পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস)" প্রকল্পের দলিল/কর্ম-পরিকল্পনা অনুযায়ী আন্তর্জাতিক মান বজায় রেখে সিনিয়র পরামর্শককে প্রকল্প টিমের সাথে একাত্ম হয়ে কাজ করতে হবে।<br>২. ইসিডিএস প্রকল্পের আওতায় যথাক্রমে ক) বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্যাল সার্ভে এবং খ) এনভায়রনমেন্টাল প্রটেকশন এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট এক্সপেন্ডিচার সার্ভে সফলভাবে বাস্তবায়নের বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ স্ট্র্যাটেজিক এ্যাকসন প্ল্যান (বিসিসিএসএপি), পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (এসএফডিআরআর), টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি), ডিজাস্টার রিলেডেট স্ট্যাটিসটিক্স ফ্রেমওয়ার্ক (ডিআরএসএফ), দি প্যারিস অ্যাগ্রিমেন্ট, পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র প্রভৃতি যথাযথ অনুসরণপূর্বক কনসেপ্ট, ডেফিনিশন, ক্লাশিফিকেশন, মেথডলজি, প্রশ্নমালা ডিজাইন টেবুলেশন প্ল্যান, ডাটা প্রসেসিং, এনালাইসিস, রিপোর্ট রাইটিং এর জন্য সিনিয়র পরামর্শককে এককভাবে দায়িত্ব পালন করতে হবে। প্রকল্প দপ্তর/টিম এ ক্ষেত্রে তাকে সর্বাত্মক সহযোগিতা করবে।<br>৩. ইসিডিএস প্রকল্প দলিল অনুযায়ী যথাসময়ে বাংলাদেশ ডিজাস্টার রিলেটেড স্ট্যাটিসটিক্যাল সার্ভে এবং এনভায়রনমেন্টাল প্রটেকশন এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট এক্সপেন্ডিচার সার্ভের রিপোর্ট প্রস্তুত ও প্রকাশনার জন্য সিনিয়র পরামর্শককে অবশ্যই প্রকল্পের সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা মোতাবেক কাজ সম্পাদন করতে হবে। | **সময়কাল:**<br>জাতীয় সিনিয়র পরামর্শকের কার্যকাল হবে ১৮ ব্যক্তি/মাস। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হলে পরামর্শকের মেয়াদ বৃদ্ধি করা হতে পারে। উল্লেখ্য, প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে কর্তৃপক্ষ এ সময় কালের হ্রাস-বৃদ্ধি করতে পারবেন অথবা খন্ড খন্ডভাবে অথবা স্বল্প সময়ের জন্য বিশেষ কাজে (স্যাম্পল ডিজাইন ও প্রশ্নপত্র প্রণয়ন) নিয়োগ প্রদান করতে পারবেন।<br>**আউটপুট:**<br>ইসিডিএস সংক্রান্ত নিম্নোক্ত কার্যাবলী সিনিয়র পরামর্শক প্রতিপালন করবেন<br>ক. ইসিডিএস প্রকল্পের আওতায় জরিপসমূহের প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ; এবং<br>খ. অন্যান্য প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ।<br>**রিপোর্টিং কর্তৃপক্ষ:**<br>ইসিডিএস প্রকল্পের জাতীয় সিনিয়র পরামর্শক তার কর্মকান্ডের জন্য |

মোঃ জহিরুল ইসলাম
যুগ্মপরিচালক
সেপাস উইং, বিবিএস
পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ শহীদুজ্জামান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

| পরামর্শকের বিবরণ | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স | দায়িত্ব ও কর্তব্য | অন্যান্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ঘ) মাইক্রোসফট অফিস সফটওয়্যার নিজ হাতে ব্যবহারে দক্ষতা থাকতে হবে।<br>ঙ) বাংলা ও ইংরেজি লিখা ও বলায় বিশেষ পারদর্শিতা থাকতে হবে ।<br><br>**৩. বয়স :**<br>প্রার্থীর বয়সসীমা হবে ৫৫-৭৫ বছর। | ৪. ইসিডিএস প্রকল্প বাস্তবায়নে সদর দপ্তর ও মাঠ পর্যায়ে নিযুক্ত কর্মকর্তা/ কর্মচারী/ তথ্য সংগ্রহকারীগণকে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে সিনিয়র পরামর্শকে এককভাবে দায়িত্বপালন করতে হবে । প্রকল্প দপ্তর এ ক্ষেত্রে তাকে সর্বাত্মক সহযোগিতা করবে।<br>৫. সিনিয়র পরামর্শক ইসিডিএস প্রকল্পের আওতায় বিবিএস এর কর্মকর্তা/ কর্মচারীগণের পরিবেশ, জলবায়ু, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ক্যাপাসিটি উন্নয়নে সকল প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা প্রভৃতি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রকল্প পরিচালক-কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন।<br>৬. সিনিয়র পরামর্শক প্রতি ০৩ মাস পর পর লিখিতভাবে মহাপরিচালক, বিবিএস/প্রকল্প পরিচালক-কে তার কাজ-কর্মের প্রতিবেদন দাখিল করবেন।<br>৭. তিনি প্রকল্পে সময়মতো (০৯:০০-০৫:০০ টা) অফিস করবেন।<br>৮. ইসিডিএস প্রকল্প সফলভাবে বাস্তবায়নে সিনিয়র পরামর্শক-কে প্রকল্প কর্তৃপক্ষের যেকোন নির্দেশনা পালন করতে হবে। | সরাসরি প্রকল্প পরিচালক/ মহাপরিচালক, বিবিএস এর নিকট দায়বদ্ধ থাকবেন।<br>**<u>সম্মানী/পারিতোষিক:</u>**<br>পরামর্শককে অবশ্যই ইসিডিএস প্রকল্পের সাথে চুক্তিবদ্ধ হতে হবে এবং প্রকল্পের অনুমোদিত ডিপিপি দলিল অনুযায়ী কর্ম মাসের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বিল জমাদান সাপেক্ষে তিনি বাংলাদেশী টাকায় সম্মানী/ পারিতোষিক প্রাপ্য হবেন। |

মোঃ রফিকুল ইসলাম
যুগ্মপরিচালক
সেন্সাস উইং, বিবিএস
পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।